



অস্ট্রেলিয়ার ওয়েস্ট্রান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কাদামবট এইচ. এম. সিদ্দিকীর নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধি দল বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন -আজকালের খবর

অস্ট্রেলিয়ার ওয়েস্ট্রান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের বারি পরিদর্শন

● গাজীপুর জেলা প্রতিনিধি

অস্ট্রেলিয়ার ওয়েস্ট্রান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কাদামবট এইচ এম সিদ্দিকীর নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধি দল গতকাল মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন অধ্যাপক ড. নজরুল ইসলাম, কনভেনর, আন্তর্জাতিক সিমপোজিয়াম, নর্থ সাউথ ইউনিভার্সিটি, ড. মো. মোশারফ উদ্দিন মোল্লা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এইআরএস বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল। অতিথিরা বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে এসে পৌছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ, পরিচালকরা এবং বিভাগীয় প্রধানরা। পরে বারি সেমিনার কক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন মহাপরিচালক মহোদয়ের দফতরের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল ওহাব, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) জেবুন নেছা, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. বাবু লাল নাগ, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. আবেদা খাতুন, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানরা, বিজ্ঞানী ও কর্মকর্তারা। পরে অতিথিরা ইনস্টিটিউটের আইপিএম ল্যাব এবং টক্সিকোলজি ল্যাব পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন।

